গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কিশোরগঞ্জ
ব্যবসা ও বাণিজ্য শাখা

বিষয়ঃ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক ও সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে জেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ অক্টোবর ২০১৯ |
| সভার সময় | বেলা ২.১৫ টা |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভায় উপসিহত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বেগম শিখা বেগম, জেলা বাজার কর্মকর্তা (ভারপ্রাপ্ত),কিশোরগঞ্জ বাজার দর সম্পর্কিত মাসিক প্রতিবেদন সভায় উপসহাপন করেন এবং বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর জনাব ইব্রাহিম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংররণ অধিদপ্তর, কিশোরগঞ্জ, ডাঃ জহির আহমেদ তালুকদার, সিভিল সার্জন অফিস, জনাব ডাঃ মুহাম্মদ মফিজুল ইসলাম, অতিঃ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জনাব সামিউল হক মোল্লা, সহকারী অধ্যাপক, জনাব লায়েক আলী, সভাপতি, পুরানথানা বাজার ব্যবসায়ী সমিতি, জনাব মোস্তফা কামাল, সভাপতি জেলা প্রেস ক্লাব, জনাব আলম সারোয়ার টিটু, সভাপতি, ক্যাব, জনাব বিলকিছ বেগম, সহ সভাপতি, ক্যাব, এড. মায়া ভৌমিক, ড.মোহিত কুমার দে, জেলা প্রশিক্ষণ অধিদপ্তর, ডিএই, জনাব মোঃ দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, বড় বাজার ব্যবসায়ী সমিতি, জনাব মোঃ কাউছার মিয়া, উপসহকারী পরিচালক, জেলা মৎস্য অধিদপ্তর, এবং জনাব পরিতোষ পাল, পরিচালক, চেম্বার অব কমার্স, কিশোরগঞ্জ প্রমুখ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক ও সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভায় বক্তব্য রাখেন এবং সকলের আলোচনার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | বাজার দর | <u>আলোচনা</u> :<br>নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার দর পর্যালোচনায় দেখা যায়, চাল, আটাসহ নিত্য প্রয়োজনীয় প্রায় প্রতিটি দ্রব্যের মূল্য স্থিতিশীল রয়েছে। তবে পিয়াজ-দেশী-বিদেশীর দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছ। তাছাড়া শুকনা মরিচ, আদা, আলু- হল্যান্ড (সাদা), ডিম ও মুরগী-ব্রয়লার এর মূল্য কিছুটা বৃদ্ধি পেয়েছে।<br><u>সিদ্ধান্ত</u> :<br>১. নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার দর যৌক্তিক ও সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে পণ্যের বাজার দর নিয়মিত মনিটরিংসহ মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ।<br>২. খাদ্যে ভেজাল মিশানো, ওজনে কম দেয়া, মেয়াদোত্তীর্ণ খাদ্যদ্রব্য বিক্রয়, মজুদ ইত্যাদি বিষয়ে বাজার মনিটরিং জোরদার করতে হবে।<br>৩. বিএসটি আই এর পরীক্ষায় নিম্মামানের হওয়ায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৪৩ অনুসরণে নিম্নমানের খাদ্যপণ্য ও খাদ্য উপকরণসমূহ বাজার হতে প্রত্যাহার/ জব্দকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া মেয়াদোত্তীর্ণ ঔষধ নিজ দায়িত্বে দেখে ক্রয় করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হয়। | ১.বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ<br>৩.সহকারী পরিচালক, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>৪. জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ<br>৫.পরিদর্শক,বি.এস.টি.আই, কিশোরগঞ্জ<br>৬. সভাপতি / সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি (সকল), কিশোরগঞ্জ |
| ২ | ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন | <u>আলোচনা</u> :<br>বেগম শিখা বেগম, জেলা বাজার কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকার ০৮.০৫.২০১৮ তারিখের ১২.০২. ০০০০.০১২.৩৭.০৩০.১৮-৫৩২ নং স্মারকের পত্রের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলা সদরে অবস্থিত বড় বাজারের মাছ মহলের পার্শ্বে দৈনিক বাজার মূল্য প্রদর্শণের লক্ষ্যে ডিজিটাল ডিসপ্লেবোর্ডটি ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। কিন্তু যান্ত্রিক ক্রটির কারণে স্পষ্ট অক্ষরে প্রদর্শনে বিঘ্ন ঘটছে। ডিজিটাল ডিসপ্লেবার্ডের সফটওয়ার ইনস্টল করার পর দৈনিক বাজার মূল্য তালিকা হালনাগাদ প্রদর্শন করা সম্ভব বলে জেলা বাজার কর্মকর্তা জানান।<br><u>সিদ্ধান্ত</u> :<br>স্থাপনকৃত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে স্পষ্ট অক্ষরে দৈনিক বাজার মূল্য নিয়মিতভাবে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়। | ১. জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ<br>২. সভাপতি/ সাধারণ সম্পাদক, বড় বাজার / পুরান থানা বাজার / কাচারী বাজার ব্যবসায়ী সমিতি, কিশোরগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৩ | নিত্য প্রয়োজনীয় পণ্যের দৈনিক বাজার দর লিপিবদ্ধকরণ ও মূল্য তালিকা টানানো | **<u>আলোচনা</u>** :<br>নিত্য প্রয়োজনীয় পণ্যের দৈনিক বাজার দর লিপিবদ্ধকরণ ও মূল্য তালিকা টানানোর বিষয়ে সভায় বিসত্মারিত আলোচনামেত্ম নিম্নোক্ত সিদ্ধামত্ম গৃহীত হয় :<br>**<u>সিদ্ধান্ত</u>** :<br>১. ভোক্তার সেবার সুবিধার্থে বড় বাজার ও কাচারী বাজারে স্থাপিত মূল্য তালিকা বোর্ডে নিত্য প্রয়োজনীয় পণ্যের দৈনিক বাজার দর লিপিবদ্ধকরণসহ নিয়মিত মনিটরিং করার জন্য জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জকে নির্দেশনা প্রদান করা হয়;<br>২. নিত্য প্রয়োজনীয় প্রতিটি পণ্যের (যে সকল পণ্যের গায়ে মূল্য লিপিবদ্ধ আছে, সে সকল পণ্য ব্যতীত) হালনাগাদ মূল্য তালিকা (পাইকারী ও খুচরা) দৃশ্যমান স্থানে টানানো আছে কিনা ও ওজন পরিমাপক যন্ত্রসমূহ সঠিক রয়েছে কি-না তা নিয়মিতভাবে মনিটরিংপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ এবং পরিদর্শক, বি.এস.টি.আই, কিশোরগঞ্জকে নির্দেশনা প্রদান করা হয়। | ১.বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ<br>২.সহকারী পরিচালক, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>৩.জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ<br>৪.পরিদর্শক, বিএসটিআই, কিশোরগঞ্জ<br>৫.সভাপতি/ সাধারণ সম্পাদক,বড় বাজার / পুরান থানা বাজার / কাচারী বাজার ব্যবসায়ী সমিতি, কিশোরগঞ্জ<br>৬.সভাপতি, ক্যাব, জেলা শাখা, কিশোরগঞ্জ |
| ৪ | পণ্যের পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ শতভাগ বাস্তবায়ন | **<u>আলোচনা</u>** :<br>পণ্যের পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ শতভাগ বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া জনাব মোঃ দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, বড় বাজার ব্যবসায়ী সমিতি, কিশোরগঞ্জ পলিথিন আমদানী, বিক্রয়, বন্ধ ও ব্যবহার বর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিমেণাক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>**<u>সিদ্ধান্ত</u>** :<br>১. যে সকল পণ্যের পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন থাকা সত্বেও পাটজাত মোড়কের ব্যবহার হচ্ছে না সে সকল পণ্যের উপর মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. পলিথিন আমদানী, বিক্রয়বন্ধ ও ব্যবহার বর্জন করতে হবে এবং এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৩. পণ্যের পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার শতভাগ বাস্ত বায়নের নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সভা/সেমিনার করতে হবে। | ১.বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ<br>২. উপজেলা নির্বাহী অফিসার(সকল),কিশোরগঞ্জ<br>৩.সহকারী পরিচালক, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>৪.জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ<br>৫.সভাপতি, বাজার ব্যবসায়ী সমিতি (সকল) কিশোরগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | মানসম্মত ওজন ও পরিমাপ পদ্ধতি অনুসরণ | **আলোচনা:**<br>মানসম্মত ওজন ও পরিমাপ পদ্ধতি অনুসরণের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :<br>**সিদ্ধান্ত** :<br>মানসম্মত ওজন ও পরিমাপ পদ্ধতিতে (কেজিতে) জিনিসপত্র বিক্রি করা হচ্ছে কিনা তা মনিটরিংপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিদর্শক, বি.এস.টি.আই-কে নির্দেশনা প্রদান করা হয়। | ১.বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ<br>২.সহকারী পরিচালক, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>৩.জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ<br>৪.পরিদর্শক, বিএসটিআই, কিশোরগঞ্জ<br>৫.সভাপতি, বাজার ব্যবসায়ী সমিতি (সকল), কিশোরগঞ্জ |
| ৬ | ভোজ্যতেলে ভিটামিন ‘এ’ নিশ্চিতকরণ | **আলোচনা:**<br>ভোজ্যতেলে ভিটামিন ‘এ’ সমৃদ্ধকরণ ও ভিটামিন ‘এ’ সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রয়, সংরক্ষণ, সরবরাহ, বিপণন বা বাজারজাতকরণ বাধ্যতামূলককরণসহ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় :<br>**সিদ্ধান্ত** :<br>১. কিশোরগঞ্জ জেলা সদরসহ প্রতিটি উপজেলায় ভোজ্য তেলের বোতল, প্যাকেট, ড্রাম ও টিনের গায়ে ভিটামিন ‘এ’ সমৃদ্ধকরণ কিনা তা পরীক্ষা করার নিমিত্ত স্ব-স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় কীট সংগ্রহের জন্য জনাব মোঃ ইব্রাহীম হোসেন, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কিশোরগঞ্জ ও পরিদর্শক, বি.এস.টি.আই-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। | ১.বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল),কিশোরগঞ্জ<br>৩.সহকারী পরিচালক, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>৪.পরিদর্শক, বিএসটিআই, কিশোরগঞ্জ<br>৫.জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ |
| ৭ | জেলা পর্যায়ে নিরাপদ সবজি বিক্রয়ের কর্ণার চালুকরণ | **আলোচনাঃ**<br>বেগম শিখা বেগম, জেলা বাজার কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কিশোরগঞ্জ সভায় কৃষি বিপনন অধিদপ্তর, খামার বাড়ি, ফার্মগেইট, ঢাকা এর ২৯/০৮/২০১৯খ্রি তারিখের ১২.০২.০০০০.১৯.০৯.০১৯.১৮-৭৫৭ (৭৭) নং স্মারকের পত্রটি সভায় উপস্থাপন করেন এবং পত্রের মর্মানুযয়ী জেলা পর্যায়ে নিরাপদ সবজি বিক্রয়ের কর্ণার চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>উপপরিচালক, কৃষি সম্প্রাসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর সাথে আলোচনা করে বর্ণিত বিষয়ে পরিকল্পনা প্রনয়ন করে আগামী সভায় উপস্থাপন করার জন্য জেলা বাজার কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কিশোরগঞ্জকে দায়িত্ব প্রদান করা হয়। | ১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ<br>২. জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪১.৪৮০০.০২০.৩.০১৯.১৬.১১৩

তারিখ: ১২ কার্তিক ১৪২৬
২৮ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয. বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৪) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬- আঃ গণি রোড, ঢাকা
৫) মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা
৬) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামার বাড়ি সম্মুখ ভবন, ৫ম তলা ফার্মগেইট, ঢাকা
৭) উপপরিচালক (ইনোভেশন),গভর্নেন্স ইনোভেজশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৮) উপপরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, ঢাকা
৯) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ
১০) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, কিশোরগঞ্জ
১১) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
১২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ
১৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ
১৪) উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ
১৫) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কিশোরগঞ্জ
১৬) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, কিশোরগঞ্জ
১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,কিশোরগঞ্জ
১৮) জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ
১৯) সভাপতি/সাধারণ সম্পাদক, চেম্বার অব কমার্স, কিশোরগঞ্জ
২০) সভাপতি, কিশোরগঞ্জ প্রেস ক্লাব/জেলাপ্রেস ক্লাব , কিশোরগঞ্জ
২১) জনাব ...................................... সদস্য, জেলা টস্কফোর্স/জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি, কিশোরগঞ্জ
২২) জনাব, ...................................................................... কিশোরগঞ্জ
২৩) সভাপতি/সম্পাদক, ................................................,........ কিশোরগঞ্জ

মীর মোঃ আল কামাহ্ তমাল
সহকারী কমিশনার